সর্বজনকথা
রাজনীতি, অর্থনীতি ও সমাজ বিষয়ক সংকলন
৪র্থ বর্ষ: ৩য় সংখ্যা, মে- জুলাই ২০১৮

সম্পাদক:
আনু মুহাম্মদ

প্রকাশক:
মোশাহিদা সুলতানা

নির্বাহী সম্পাদক:
কল্লোল মোস্তফা

সম্পাদনা পরিষদ:
স্বপন আদনান
আজফার হোসেন
তানজীমউদ্দিন খান
মোশাহিদা সুলতানা
মাহা মির্জা
সামিনা লুৎফা নিত্রা
অনুপম সৈকত শান্ত
মওদুদ রহমান
আতিয়া ফেরদৌসী চৈতী

ব্যবস্থাপনা পরিষদ:
মিজানুর রহমান
মাহতাব উদ্দীন আহমেদ
আনহা এফ খান

নাম লিপি:
সব্যসাচী হাজরা

প্রুফ:
জাহাঙ্গীর আলম

অলংকরণ:
মোঃ এরশাদুল হক হৃদয়, মোঃ কৌশিক আহমেদ

সম্পাদকীয় যোগাযোগ:
কক্ষ নং ২০৫২, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়
ইমেইল: sarbojonkotha@gmail.com
ওয়েবসাইট: http://sarbojonkotha.wordpress.com

প্রকাশক কর্তৃক চিত্রকল্প, আলিজা টাওয়ার, ১১০, ফকিরেরপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত ও প্রকাশিত।
ইমেইল : chitrakalpabd@gmail.com

দাম: ৬০ টাকা।

সূচিপত্র

সম্পাদকীয় ভূমিকা ০৩

ত্বকী হত্যা ও বিচারহীনতার ৫ বছর ০৪

উন্নয়নের ব্র্যান্ডিং এবং দেশের আসল অবস্থা- মাহা মির্জা ০৫

মহান মে দিবস এবং বাংলাদেশে গার্মেন্ট শ্রমিকের আন্দোলন- অভিনু কিবরিয়া ইসলাম ০৮

মজুরের কথা: খরচ হতে থাকা জীবন- মওদুদ রহমান ১২

শ্রমিকদের ন্যূনতম মজুরি কতো হওয়া উচিৎ? ১৬

শ্রমিক ও শিল্প রক্ষায় নিম্নতম মজুরি- জলি তালুকদার ১৮

শ্রমিক আন্দোলন, সোহাগ হত্যা ও মজুরি প্রশ্ন- শহীদুল ইসলাম সবুজ ২০

মার্ক্সের তিন প্রত্যাবর্তন: দেরিদা, জিজেক, বাদিউ- আইজাজ আহমেদ ২২

মার্ক্সীয় দর্শনের সূচনা পর্ব-৫- বিরঞ্জন রায় ৩১

চীন: পরাশক্তির বিবর্তন- আনু মুহাম্মদ ৩৬

কৃত্রিম বুদ্ধিমত্তা, নকল শ্রমিক ও আমাদের ভবিষ্যৎ- জেরি কাপলান ৪৩

মাদ্রাসা শিক্ষাব্যবস্থা ও মাদ্রাসা শিক্ষকদের সাম্প্রতিক আন্দোলন প্রসঙ্গে - রাখাল রাহা ৪৬

নৈতিক স্মৃতিচারণ হিসেবে ইতিহাস: সিপি গ্যাং-এর “বেশ্যা” ব্যানার- রেহনুমা আহমেদ ৪৯

পাঠ্যপুস্তক থেকে সরকারের বাদ দেয়া রচনাবলী-২ ৫১

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সম্পর্কে রোসাটমের ভ্রান্ত প্রচারণার জবাব- মওদুদ রহমান ও দেবাশীষ সরকার ৫২

ভারতের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কতটা নিরাপদ?-২ এমভি রামানা ও আশ্বিন কুমার ৫৪

ত্রিপুরার নির্বাচন : একটি বিলম্বিত পর্যালোচনা- আলতাফ পারভেজ ৫৮

পুতিনের ভাষণ : মুখোমুখি রাশিয়া ও যুক্তরাষ্ট্র- ফারুক চৌধুরী ৬২

বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের কৃষি ও পানি ব্যবস্থাপনা: ভবদহ অঞ্চলের পর্যালোচনা- মো. জাহাঙ্গীর আলম ৬৪

কয়েক মাসের খবর ৭১

সম্পাদকীয় ভূমিকা

দেশে একদলীয় সাম্রাজ্যের ভয়ংকর অসহিষ্ণুতা, দমনপীড়ন ও দখল-লুণ্ঠনে সমাজ আক্রান্ত। পুলিশ-র‍্যাব এবং দলীয় সন্ত্রাসীরা ঐক্যবদ্ধভাবেই নিরঙ্কুশ নিয়ন্ত্রণ রাখার জন্য কাজ করছে। কিন্তু তা সত্ত্বেও গার্মেন্টস শ্রমিকসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ অন্যায়, নিপীড়ন, ধর্ষণ, খুন, সড়কে অরাজকতা, ঘুষ, দুর্নীতি ইত্যাদির বিরুদ্ধে রাস্তায় নামছেন। বিশ্ববিদ্যালয়গুলোতে ভয়াবহ সন্ত্রাসী পরিবেশ দিয়ে নিয়ন্ত্রণ চেষ্টা সত্ত্বেও কোটা সংস্কার নিয়ে সাম্প্রতিক আন্দোলন তরুণদের অসাধারণ শক্তির প্রকাশ দেখিয়েছে।

এর মধ্যে গার্মেন্টস শ্রমিকদের অধিকার আন্দোলন করতে গিয়ে মিথ্যা মামলা, গ্রেফতার, হয়রানির শিকার হয়েছেন জলি তালুকদার, মঞ্জুর মঈনসহ আট জন সংগঠক। বরিশালের অটোরিকশা চালকদের অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে পুলিশী নির্যাতন ও আটকের শিকার হয়েছেন মনীষা চক্রবর্তী, ইমরান হাবিব রুমনসহ অনেকে। এছাড়া কোটা সংস্কার আন্দোলনে অংশগ্রহণকারীদের ওপর নানা হয়রানি অব্যাহত আছে।

এবছর কার্ল মার্কসের (১৮১৮-১৮৮৩) জন্মের দুইশ' বছর পূর্তি হচ্ছে। এই দুইশ বছরে বিশ্বের সর্বত্র দর্শন সমাজ অর্থনীতি রাজনীতিসহ মানুষের মুক্তির লড়াইএর সকল ক্ষেত্রে মার্কসের প্রভাব অতুলনীয়। মার্কসের তরুণ বয়স থেকেই তাঁকে নিয়ে বিতর্ক অব্যাহত আছে, যার সংখ্যা ও গভীরতা ক্রমেই বেড়েছে। বর্তমান সংখ্যায় মার্কসকে নিয়ে সাম্প্রতিক মনোযোগ, বিতর্ক ও আলোচনার সঙ্গে পরিচয় করিয়ে দেবার জন্য এই সময়ের প্রখ্যাত তাত্ত্বিক আইজাজ আহমেদের একটি লেখা বাছাই করা হয়েছে যেখানে তিনি দেরিদা, জিজেক ও বাদিউএর মার্কস সম্পর্কিত চিন্তার পর্যালোচনা করেছেন। এছাড়া থাকছে মার্কসীয় দর্শনের সূচনা পর্ব শীর্ষক ধারাবাহিক লেখার ৫ম কিস্তি।

মে দিবস স্মরণ করে এবং দেশে গার্মেন্টস শ্রমিকদের ন্যূনতম মজুরি আন্দোলন নিয়ে কয়েকটি লেখা প্রকাশ করা হলো এই সংখ্যায়। বাংলাদেশে অস্থায়ী খন্ডকালিন ঝুঁকিপূর্ণ অনিশ্চিত কাজের মধ্যেই জীবিকা খুঁজতে হয় সংখ্যাগরিষ্ঠ মানুষকে। কারখানা বা বাইরে কর্মরত মানুষদের কাজের অবস্থা, মজুরি বা আয় নিয়ে আমরা নিয়মিত পর্যবেক্ষণ প্রকাশ করতে চেষ্টা করি। এই সংখ্যাতেও তাঁদের জীবন ও কাজের কথা নিয়ে লেখা প্রকাশ করা হলো।

বর্তমান পুঁজিবাদী বিশ্বব্যবস্থায় চীন ক্রমেই আরও বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠছে। বর্তমান চীন কি সমাজতান্ত্রিক না পুঁজিবাদী না নতুন এক ব্যবস্থার দেশ এই প্রশ্ন নিয়ে বিশ্বব্যাপী বিতর্ক থাকলেও এব্যাপারে সবাই একমত যে, বর্তমান বিশ্বে চীন এক পরাশক্তি। চীনের এই দ্রুত বিস্ময়কর অর্থনৈতিক গতির রহস্য কী? দেশের ভেতর বৈষম্য, দুর্নীতি বৃদ্ধি, বিশাল ধনিক গোষ্ঠীর প্রবল আধিপত্য ইত্যাদির সাথে কমিউনিস্ট পার্টির একক শাসন কীভাবে সঙ্গতিপূর্ণ? কথিত বাজার সমাজতন্ত্রেরই বা স্বরূপ কী? বিশ্বের বর্তমান ও ভবিষ্যতের জন্য এর তাৎপর্য কী? এসব প্রশ্ন অনুসন্ধান করতেই কয়েক পর্বে প্রকাশিতব্য লেখা শুরু হচ্ছে এই সংখ্যায়। বাংলাদেশের উন্নয়ন গতিধারা নিয়ে সরকার, মিডিয়া এবং অর্থনীতিবিদদের উচ্ছ্বাস চললেও তার স্বরূপ ও দীর্ঘমেয়াদী ফলাফল কী, কার বিনিময়ে চাকচিক্য বাড়ছে সেসব প্রশ্ন ব্যয়বহুল প্রচারণার ঢাকঢোলের নীচে চাপা পড়ে যাচ্ছে। দেশ ও মানুষের প্রকৃত অবস্থার কিছু চিত্র তুলে ধরে, উন্নয়ন সম্পর্কে মোহমুক্ত পর্যালোচনার দিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এই বিষয়ক লেখাটিতে।

একটি মৃত্যু পরবর্তী ঘটনা কেন্দ্র করে ইতিহাস ও সমাজের ক্ষমতা সম্পর্কের গভীর অনুসন্ধান এবং বিশ্লেষণ নিয়ে ধারাবাহিক লেখার প্রথম পর্ব প্রকাশিত হলো এই সংখ্যায়। মাদ্রাসার শিক্ষকদের সাম্প্রতিক একটি আন্দোলনের সূত্র ধরে শিক্ষাব্যবস্থার প্রকট বৈষম্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে আরেকটি লেখায়।

রাশিয়ার 'রোসাটম' বাংলাদেশের রূপপুরে পারমাণবিক প্রকল্প বাস্তবায়নকারী কোম্পানি। এই কোম্পানির দক্ষিণ এশীয় অঞ্চলের ভারপ্রাপ্ত সিইও আন্দ্রেই শেভ্‌লাকোভ এই প্রকল্পের পক্ষে নানা যুক্তি দিয়ে ডেইলি স্টারে একটি লেখা প্রকাশ করেন। সেই লেখার মিথ্যা দাবি এবং ভুলে ভরা বিশ্লেষণের প্রতিবাদ করে ডেইলি স্টারে আরেকটি লেখা প্রকাশিত হয়, যার কোনো প্রতিবাদ বা উত্তর রোসাটম থেকে পাওয়া যায়নি। সর্বজনকথার জন্য এই লেখাটির বাংলা অনুবাদ এবং ভারতে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নিয়ে আরেকটি অনুবাদ প্রকাশ করা হলো।

সারাদেশে অকালমৃত্যুর সংখ্যা বাড়ছেই। অবিরাম খুন-গুম হচ্ছে, পুলিশ বা র‍্যাবের হেফাজতেও খুনের সংখ্যা বাড়ছে। ক্ষমতাবানরাই যেহেতু অধিকাংশ ক্ষেত্রে অপরাধী সেহেতু বিচারের কোনো লক্ষণ নেই। ত্বকী, সাগর রুনি, তনু, মিঠুন এর মধ্যে কিছু নাম। ত্বকী হত্যা ও তার তদন্ত নিয়ে একটি বিবরণী দেয়া হলো এই সংখ্যায়।

বাংলাদেশের নদী প্রবাহের বিপর্যয়ের কারণ অনুসন্ধান করা হয়েছে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ভবদহ জলাবদ্ধতা বিষয়ক লেখায়।

সারাবিশ্বেই বর্তমানে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রযুক্তি ও সমাজ অর্থনীতিতে তার প্রভাব নিয়ে বহুমুখি আলোচনা বিতর্ক হচ্ছে। মার্কিন কম্পিউটার বিজ্ঞানী, কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষক ও সিলিকন ভ্যালির একজন নামকরা উদ্যোক্তা জেরি কাপলানের একটি লেখার অনুবাদ আরও আলোচনার সূত্রপাত হিসেবে এই সংখ্যায় প্রকাশিত হলো। ভারতের ত্রিপুরার সর্বশেষ নির্বাচনের মধ্যে দিয়ে এই রাজ্যে প্রথম বিজেপির রাজত্ব শুরু হয়েছে। এই নির্বাচন ফলাফল যে শুধু দেখবার বিষয় নয় গভীরে পর্যালোচনার বিষয় তা এই বিষয়ে এই সংখ্যার লেখা থেকেই স্পষ্ট হবে। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাম্প্রতিক একটি ভাষণ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে রাশিয়ার সম্পর্কের সংক্ষিপ্ত পর্যালোচনা করা হয়েছে এই সংখ্যার আরেকটি লেখায়।

গত ৮ এপ্রিল ২০১৮ অবিভক্ত বাংলার কমিউনিস্ট সংগঠন এবং শ্রমিক-কৃষকের মুক্তি আন্দোলনের অন্যতম পথিকৃৎ কমরেড সত্যরঞ্জন মৈত্র ৮৬ বছর বয়সে মৃত্যুবরণ করেছেন। তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানাই।

আনু মুহাম্মদ
২৫ এপ্রিল ২০১৮